

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-২ অধিশাখা
www.mof.gov.bd

নথি নং-০৭.০০.০০০০.১৬২.০৭.০০২.২০১৪/২৬১

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদে নিয়োজিত ৪র্থ শ্রেণীর পদধারী এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার এর অফিস সহায়ক (এম,এল,এস,এস) পদে ১০(দশ) বছর চাকরি পূর্তিতে ১০০% হিসেবে সিলেকশন গ্রেড প্রদান।

সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- স্থাসবি/জেপশা/বিধি-২/২০০৭/৩৩১৪ তারিখ ২৭-১০-২০১৪ খ্রিঃ
(২) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের স্মারক নং-৩৯.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৪.১৩৪ তারিখ ২৬-১০-২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগের স্মারক নং ০৭. ০০. ০০০. ১৬৩. ৩১. ০০৮. ১২-১২৪, তারিখ ০৩-০৬-২০১২ খ্রিঃ এ সুনির্দিষ্টভাবে মন্ত্রণালয়/বিভাগসমূহের এম,এল,এস,এস ও দপ্তরী পদে কর্মরত কর্মচারীগণের ১০(দশ) বছর চাকরি পূর্তিতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হবে মর্মে উল্লেখ রয়েছে। এ সুবিধা সুনির্দিষ্টভাবে মন্ত্রণালয়/বিভাগ ব্যতিত দপ্তর/ পরিদপ্তর/ অধিদপ্তর/সংস্থা-য় কর্মরত ৪র্থ শ্রেণীর ১৯ ও ২০নং গ্রেডভুক্ত কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তথাপি, এ সুবিধা বিবেচনার জন্য প্রস্তাবটি নির্দেশক্রমে জাতীয় বেতন কমিশনে প্রেরণ করা হলো।

(মাহবুবা ফারজানা)
উপ-সচিব

সদস্য সচিব
বেতন ও চাকরি কমিশন-২০১৩
বিসিএস প্রশাসন একাডেমী,
শাহবাগ, ঢাকা।
অনুলিপি সদয় অবগতির জন্যঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং- স্থাসবি/জেপশা/বিধি-২/২০০৭/১৫৫

তারিখঃ ২২-১-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, -----(সকল)।

অনুলিপিঃ

- ১। প্রশাসক, জেলা পরিষদ, -----(সকল)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।